গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
প্রশাসন শাখা (সেবা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mos.gov.bd

**বিষয় ঃ মহান বিজয় দিবস ২০১৯, উদ্‌যাপন উপলক্ষ্যে কর্মসূচী প্রণয়ন ও বাস্তবায়নে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব মোঃ আবদুস সামাদ<br>সচিব<br>নৌপরিবহন মন্ত্রণালয়। |
| সভার তারিখ | ঃ | ১৩-১০-২০১৯ |
| সময় | ঃ | সকাল ১০.৩০ টা। |
| স্থান | ঃ | নৌপরিবহন মন্ত্রণালয়ের সভা কক্ষ। |

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা ঃ পরিশিষ্ট 'ক'।

আলোচনা ঃ

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (প্রশাসন) মহান বিজয় দিবস ২০১৯ উপলক্ষ্যে ২০১৭ এবং ২০১৮ সালের কার্যক্রম এবং এ বছরের করণীয় সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি জানান যে, আসন্ন বিজয় দিবস উপলক্ষ্যে জাতীয় প্যারেড স্কোয়ারে অনুষ্ঠিতব্য কুচকাওয়াজ অনুষ্ঠানের যান্ত্রিক বহরে মন্ত্রণালয়ের কার্যক্রম সম্পর্কে ডিসপ্লে উপস্থাপন করতে হবে। যেহেতু এ মন্ত্রণালয়ের প্রতিকৃতি জাহাজ, সেহেতু জাহাজকে মডেল ধরে ডিসপ্লে করলেই তা দৃষ্টিনন্দন হবে বলে সভা থেকে মতামত আসে।

২। এ পর্যায়ে সভাপতি দপ্তর/সংস্থার উপস্থিত প্রতিনিধিদের নিকট তাদের নিজ নিজ সংস্থাকে প্রতিনিধিত্ব করে এরূপ কি কি বিষয়ে ডিসপ্লেতে উপস্থাপন করা যেতে পারে; সে সম্পর্কে মতামত জানতে চান। একই সাথে কর্মকর্তাদের মধ্যে বিভিন্ন দায়িত্ব বন্টন, প্রাক্কলিত ব্যয় ইত্যাদির বিষয়েও আলোচনা হয়। সভায় উপস্থিত প্রতিনিধিদের মতামতের ভিত্তিতে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গ্রহন করা হয় ঃ

৩। সিদ্ধান্ত ঃ

৩.১) বিজয় দিবস উপলক্ষ্যে জাতীয় প্যারেড স্কোয়ারে অনুষ্ঠিতব্য কুচকাওয়াজ অনুষ্ঠানে যান্ত্রিক বহরে যুগ্মসচিব (প্রশাসন), নৌপরিবহন মন্ত্রণালয় অংশগ্রহণ করবেন। এ কার্যক্রম সফলভাবে সম্পাদনে যুগ্মসচিব (প্রশাসন) নৌপরিবহন মন্ত্রণালয়ের ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে সমন্বয়ের দায়িত্ব পালন করবেন। ফোকাল পয়েন্ট কর্মকর্তার সহযোগী হিসেবে উপসচিব জনাব মোঃ মনিরুজ্জামান মিঞা দায়িত্ব পালন করবেন।

৩.২) যান্ত্রিক বহরে মন্ত্রণালয়ের কার্যক্রমকে আকর্ষনীয় ভাবে উপস্থাপন করার জন্য দুই জন চালকসহ একটি কন্টেইনার মুভার ১৮ দিনের জন্য এবং জিওসি এর নেতৃত্বে ট্রায়াল দেয়ার নিমিত্ত/ডামী ডিসপ্লে করার জন্য ৫ দিনের জন্য আরও ১ টি ট্রাক ভাড়া করতে হবে। এ সংক্রান্ত বিষয়ে জনাব মোঃ মশিউর রহমান, সহকারী পরিচালক, বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ (বাস্থবক) এবং জনাব নজরুল ইসলাম মিশা,

(অঃ পৃঃ দ্রঃ)

জনসংযোগ কর্মকর্তা, বিআইডব্লিউটিসি দায়িত্ব পালন করবেন। তারা গাড়ীসমূহ কারিগরি দিক থেকে উপযুক্ত আছে এ মর্মে বিআরটিএ কর্তৃক প্রত্যয়নপত্র সংগ্রহসহ নিরাপত্তা ছাড়পত্র গ্রহণের বিষয়টিও নিশ্চিত করবেন।

৩.৩) বিএসসি এর নতুন সংগ্রহকৃত জাহাজের আদলে সকল দপ্তর/সংস্থার প্রদর্শনযোগ্য ডামি ডিসপ্লে করতে হবে। ডিসপ্লের কাঠামো তৈরীর বিষয়ে জনাব নজরুল ইসলাম মিশা এবং জনাব মোঃ মোবারক হোসেন মজুমদার, উপপরিচালক, বিআইডব্লিউটিএ দায়িত্ব পালন করবেন।

৩.৪) মন্ত্রণালয়ের উন্নয়ন কার্যক্রম যান্ত্রিক বহরে তুলে ধরার বিষয়ে জাতীয় প্যারেড স্কোয়ারের কার্যক্রম তদারকির নিমিত্ত নিম্নবর্ণিত কর্মকর্তাগণ তদারকি কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন ঃ

(১) জনাব মোঃ আবদুস সাত্তার, যুগ্মসচিব (চবক), নৌপরিবহন মন্ত্রণালয়।
(২) ড. এ কে এম আজাদুর রহমান, উপসচিব (পাবক), নৌপরিবহন মন্ত্রণালয়।
(৩) জনাব এস এম শাহ্ হাবিবুর রহমান হাকিম, উপসচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।
(৪) জনাব মোঃ ইউসুফ, সহঃ মহা ব্যবস্থাপক, বিএসসি।
(৫) জনাব মাসুদুল্লাহ খান, সহকারী পরিকল্পনা প্রধান, মোংলা বন্দর কর্তৃপক্ষ।

৩.৫) ডিসপ্লে'র মালামাল সংগ্রহের জন্য নিম্নবর্ণিত কর্মকর্তাগণ সার্বিক দায়িত্ব পালন করবেন ঃ

(১) জনাব মোঃ মোবারক হোসেন মজুমদার, বিআইডব্লিউটিএ।
(২) জনাব মোঃ মশিউর রহমান, সহকারী পরিচালক, বাস্থবক।
(৩) জনাব মোঃ শফিকুর রহমান, নৌপরিবহন অধিদপ্তর।

৩.৬) ১ মিনিটের ধারাভাষ্য (ইংরেজি ও বাংলা) প্রস্তুত ও ডিজিটাল উপস্থাপনার জন্য নিম্নবর্ণিত কর্মকর্তাগণ সার্বিক তথ্য সংগ্রহ ও উপস্থাপনার দায়িত্ব পালন করবেন ঃ

(১) জনাব মনোজ কান্তি বড়াল, যুগ্মসচিব (টিএ), নৌপরিবহন মন্ত্রণালয়।
(২) জনাব মোঃ মনিরুজ্জামান মিঞা, উপসচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।
(৩) জনাব জিএম ফয়সাল আহমদ, সিস্টেম এনালিস্ট, নৌপরিবহন মন্ত্রণালয়।
(৪) সৈয়দ মোঃ অলিউর রহমান, প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়।
(৫) জনাব মোঃ নজরুল ইসলাম মিশা, বিআইডব্লিউটিসি।
(৬) জনাব মোঃ মোবারক হোসেন মজুমদার, বিআইডব্লিউটিএ।
(৭) জনাব সুফী মোঃ সোয়েব, সিস্টেম এনালিস্ট, চবক।

এ কমিটি নিজেদের মধ্যে সমন্বয় করে, সার্বিক কার্যক্রম গ্রহণ করবে। প্রয়োজনে আরো সদস্য কো-অপ্ট করতে পারবে।

৩.৭) জাতীয় প্যারেড স্কোয়ারে অনুষ্ঠিতব্য কুচকাওয়াজে অংশগ্রহণকারী ক্যাডেট, মহিলা ক্যাডেটদের ঢাকায় আবাসন, আসা-যাওয়া ও খাবার ব্যবস্থা করার জন্য বিআইডব্লিউটিএ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। এ বিষয়ে তদারকি কর্মকর্তা হিসেবে জনসংযোগ কর্মকর্তা, জনাব মোবারক হোসেন মজুমদার দায়িত্ব পালন করবেন।

(অঃ পৃঃ দ্রঃ)

৩.৮) যান্ত্রিক বহরে ট্রাকটি প্যারেড স্কোয়ারে সাজানো হবে। ট্রাক ড্রাইভার লাইসেন্স, জাতীয় পরিচয় পত্র এবং ট্রাকের বৈধ কাগজপত্র নিয়ে ট্রাকসহ উপস্থিত থাকবেন। জনাব নজরুল ইসলাম মিশা বিষয়টি নিশ্চত করবেন।

৩.৯) জাতীয় প্যারেড স্কোয়ারে অনুষ্ঠিত কুচকাওয়াজে অংশগ্রহণের জন্য বিগত বছরের ন্যায় এবারও মন্ত্রনালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ হতে অর্থ সহযোগিতা গ্রহণ করা হবে। প্রয়োজনীয় অর্থ সংগ্রহের বিষয়ে দায়িত্ব পালন করবেন মন্ত্রণালয়ের যুগ্মসচিব (প্রশাসন) ও সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)। সংশ্লিষ্ট ব্যয় বিবরণী ও ভাউচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা পরীক্ষান্তে নথিতে সংরক্ষণ করবেন এবং প্রযোজ্য ক্ষেত্রে অনুমোদন গ্রহণ করবেন।

৩.১০) এছাড়াও, আসন্ন মহান বিজয় দিবস, ২০১৯ প্রতিবারের ন্যায় এবারও যথাযথ মর্যাদা ও গুরুত্বের সাথে উদ্‌যাপন করতে হবে। কেন্দ্রীয় অনুষ্ঠান মালার সাথে সামঞ্জস্য রেখে সকল দপ্তর/সংস্থাকে কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন করতে হবে।

৩.১১) মহান বিজয় দিবস ২০১৯ উপলক্ষ্যে নৌপরিবহন মন্ত্রণালয়ের অধীন প্রতিটি দপ্তর/সংস্থা তাদের ভবনে সূর্যোদয়ের সাথে সাথে নতুন পতাকা উত্তোলন করবে এবং সূর্যাস্তের সময় পতাকা নামিয়ে ফেলবে। এছাড়াও তাদের গুরুত্বপূর্ণ ভবন/স্থাপনাগুলোতে ১৫-১৬ ডিসেম্বর মোট ২ দিন সন্ধ্যা থেকে রাত ১টা পর্যন্ত আলোক সজ্জা করবে। এমন সময় সাবধানতা অবলম্বন করতে হবে।

৩.১২) মহান বিজয় দিবস, ২০১৯ উপলক্ষ্যে মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্থার জেলা পর্যায়ের সকল অফিস প্রতিটি জেলায় রাষ্ট্রীয় অনুষ্ঠানগুলোতে অংশগ্রহণ করবে। এছাড়াও, দপ্তর/সংস্থাগুলো তাদের দপ্তরগুলোতে স্ব-স্ব উদ্যোগে আলোচনা সভার আয়োজন করবে। আলোচনা সভায় অতিথি/বক্তা হিসেবে মহান মুক্তিযুদ্ধের বীর যোদ্ধাদের উপস্থিতি নিশ্চিত করবে।

৩.১৩) চট্টগ্রাম, খুলনা, মোংলা ও পায়রা বন্দর, ঢাকার সদরঘাট, পাগলা (নারায়নগঞ্জ) ও বরিশাল বিআইডব্লিউটিসি'র ঘাটে বাংলাদেশ নৌবাহিনী ও বাংলাদেশ কোস্ট গার্ডের সমন্বয়ের মাধ্যমে এককভাবে/যৌথভাবে এবং চাঁদপুরে ও মুন্সীগঞ্জ লঞ্চঘাটে বাংলাদেশ কোস্ট গার্ডের জাহাজসমূহ এককভাবে বিকাল ২টা হতে ঐদিন সূর্যাস্ত পর্যন্ত জনসাধারণের দর্শনের জন্য উন্মুক্ত রাখতে হবে। এ লক্ষ্যে দপ্তর/সংস্থা সমূহ প্রচারের ব্যবস্থা/স্থানীয় ক্যাবল অপারেটরদের মাধ্যমে প্রচারের ব্যবস্থা নিবেন।

৩.১৪) ঢাকা এবং দেশের বিভিন্ন শহরে অবস্থিত নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার নৌযানসমূহ জাতীয় পতাকাসহ বিভিন্ন পতাকা দ্বারা সজ্জিত করতে হবে।

৩.১৫) নৌপরিবহন মন্ত্রণালয় সম্পর্কিত মুক্তিযুদ্ধের বীরত্বগাঁথা ভিডিও চিত্র ও মন্ত্রণালয়ের বিভিন্ন উন্নয়নমূলক অর্জনের উপর নির্মিত ডকুমেন্টারী জনসাধারণ/দর্শনার্থীদের প্রদর্শনের জন্য সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা ব্যবস্থা করতে হবে।

৩.১৬) নৌপরিবহন মন্ত্রণালয়ের সকল দপ্তর/সংস্থা তাদের সুবিধাজনক ধর্মীয় উপাসনালয়ে জাতির পিতা সহ সকল শহীদের জন্য দোয়ার আয়োজন করবে এবং আওতাধীন প্রশিক্ষণ কেন্দ্রে/হাসপাতাল/চিকিৎসা কেন্দ্রে উন্নতমানের খাবার সরবরাহ/পরিবেশনের ব্যবস্থা নিবে।

(অঃ পৃঃ দ্রঃ)

(অঃ পৃঃ দ্রঃ)



৩.১৭) পরবর্তী সভায় কাজের অগ্রগতিসহ ফলোআপ করার জন্য সকল সদস্যকে উপস্থিত থাকতে হবে।

৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ দিয়ে সভা শেষ করেন;

স্বাঃ-
২১-১০-২০১৯
(মোঃ আবদুস সামাদ)
সচিব
নৌপরিবহন মন্ত্রণালয়

নথি নং-১৮.০০.০০০০.০১৬.২৩.০০৪.১৭ (অংশ-১) ২৬৭২ তারিখঃ ২১-১০-২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

১। চেয়ারম্যান, জানরক/চবক/মোবক/পাবক/বিআইডব্লিউটিএ/বিআইডব্লিউটিসি/বাস্থবক।
২। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা।
৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।
৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, গভীর সমুদ্র বন্দর সেল, ঢাকা।
৫। পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, চট্টগ্রাম।
৬। উপসচিব/উপপ্রধান, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (সকল)।
৭। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, চট্টগ্রাম।
৮। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (সকল)।
৯। সিনিয়র তথ্য কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
১০। সহকারী সচিব/সহকারী প্রধান, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (সকল)।
১১। প্রোগ্রামার/সিস্টেম এনালিস্ট, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১২। হিসাবরক্ষণ কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
১৩। মাননীয় প্রতিমন্ত্রীর সহকারী একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
১৪। ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (সকল)।
১৫। ব্যক্তিগত কর্মকর্তা, যুগ্মসচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (সকল)।

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

১। উপসচিব (প্রশাসন-১), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।

২১/১০/২০১৯

নাহিদ-উল-মোস্তাক
সিনিয়রসহকারীসচিব (প্রশাসন)
ফোন ঃ ৯৫১৫৫৫১
Sas.admin1@mos.gov.bd